দৈনিক
ইত্তেফাক

তারিখ ...15 NOV 2015...
পৃষ্ঠা ১৩ কলাম ...৭...

# ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ শ্রেণিকক্ষে ঢুকে গুলি

■ বিয়ানীবাজার (সিলেট) সংবাদদাতা

শনিবার দুপুরে বিয়ানীবাজার সরকারি কলেজের শ্রেণীকক্ষে ঢুকে কয়েক রাউন্ড গুলিবর্ষণ করেছে ছাত্রলীগের নেতাকর্মীরা। এতে ছাত্রসহ ১২ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে ২ জনকে আশংকাজনক অবস্থায় সিলেট এমএজি ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুপুরে পূর্ব বিরোধের জের ধরে কলেজ ক্যাম্পাসে অবস্থান নেয় ছাত্রলীগের সাবেক যুগ্ম আহবায়ক পল্লব গ্রুপের নেতাকর্মীরা।

খবর পেয়ে উপজেলা ছাত্রলীগ নেতা পাভেল মাহমুদ গ্রুপের নেতাকর্মীরাও কলেজ ক্যাম্পাসে জড়ো হয়। আকস্মিক পল্লব গ্রুপের নেতাকর্মীরা কয়েক ভাগে বিভক্ত হয়ে হামলা শুরু করে। ওই গ্রুপের সশস্ত্র কয়েকজন শ্রেণীকক্ষে ঢুকে গুলিবর্ষণ শুরু করে। বিয়ানীবাজার থানার ওসি জুবের আহমদ পি.পি.এম সংঘর্ষের সত্যতা নিশ্চিত করে বলেন, খবর পেয়ে ক্যাম্পাসে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে।